

ডিজিটাল ওয়ার্ল্ড পুরস্কার পেল বি

● গাজীপুর সংবাদদাতা

আইসিটি কর্মকাণ্ডের মাধ্যমে উদ্ভাবনী সেবা প্রদানে উৎকর্ষের স্বীকৃতিস্বরূপ জাতীয় তথা ও যোগাযোগ প্রযুক্তি পুরস্কার ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬ পেয়েছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)। তিন দিনব্যাপী ডিজিটাল মেলায় সমাপনী দিনে গত শুক্রবার রাজধানীর বসুন্ধরা কনভেনশন সেন্টারে এক অনুষ্ঠানে অর্ধমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত প্রিন্স মহাপরিচালক ড. ভাগ্যাবাণী বণিকের হাতে এ পুরস্কার তুলে দেন। এ সময় তথা ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক উপস্থিত ছিলেন।

প্রিন্স প্রকাশনা ও জনসংযোগ বিভাগের প্রযুক্তি সম্পাদক ও প্রধান এম এ কাসেম জানান, আইসিটি ও ই-কৃষি বিভাগে প্রিন্স উল্লেখযোগ্য কার্যক্রম, সাফল্য ও উদ্যোগের মধ্যে রয়েছে রাইস নলেজ ব্যাংক মোবাইল অ্যাপস, সতন্ত্র ওয়েবসাইট, বিজ্ঞানী ও কর্মকর্তাদের জন্য পোকাপ এগ্রিগা নেটওয়ার্ক (প্যান) স্থাপন, ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট বিতরণ, নিজস্ব ওয়েবমেইল, গ্রুপ মেইল, 'প্রি

নেটওয়ার্কস' নামে নিজস্ব ফেসবুক, পার্সোনাল ডাটাবেজ, ভিডিও কনফারেন্সের জন্য স্কাইপি একাউন্ট, ই-টোল, ই-ফাইলিং, নিজস্ব ওয়েবপোর্টালে ডিজিটাল আর্কাইভের কার্যক্রম।

রাইস নলেজ ব্যাংক মোবাইল অ্যাপস মূলত ডায়নামিক মোবাইল অ্যাপস যা মোবাইল ডিজিটাল অনলাইন জ্ঞানভাণ্ডার। আধুনিক ধান চাষ, উৎপাদন প্রযুক্তি ও কৌশলের সমন্বয়ে তৈরি অ্যাপসটি একটি শক্তিশালী মাধ্যম হিসেবে ধান চাষের প্রয়োজনীয় জ্ঞান ও প্রযুক্তি কৃষিক্রীবীদের কাছে পৌঁছে দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বিআরকেবি শীর্ষক স্বতন্ত্র ওয়েবসাইটটিতেও আধুনিক ধান চাষ সম্পর্কিত ব্যবহারীয় প্রযুক্তি ও তথ্য সন্নিবেশিত আছে। ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট বিতরণে প্রথম পর্যায়ে প্রিন্স বিজ্ঞানী ও কর্মকর্তাকে তথা ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন কন্ট্রোলার অব সার্টিফাইড অথরিটি (সিসিএ) কর্তৃক ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট বিতরণ করা হয়েছে। প্রিন্স আইসিটি কার্যক্রমের আওতায় সব বিজ্ঞানী ও কর্মকর্তার জন্য নিজস্ব

ওয়েবমেইল তৈরি করা হয়েছে এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) সার্ভারে তা সংরক্ষণ করা হয়েছে। প্রিন্স নেটওয়ার্কস নামে নিজস্ব একটি ফেসবুক তৈরি করে প্রিন্স বিজ্ঞানী ও কর্মকর্তাদের এ ফেসবুক গ্রুপে যুক্ত করা হয়েছে।

এ ছাড়া কৃষি মন্ত্রণালয়ের ফেসবুক গ্রুপে কৃষি ভারনা, পার্বলিক সার্ভিস ইনোভেশন ন্যাশনাল পোর্টাল ফ্রেমওয়ার্ক গ্রুপের সাথে প্রিন্স নেটওয়ার্ক সক্রিয়ভাবে যুক্ত। প্রিন্স সব বিজ্ঞানী কর্মকর্তা, কর্মচারীর পার্সোনাল ডাটা শিট (পিডিএস) ডাটাবেজ আকারে তৈরি করা হয়েছে যা প্রিন্স ওয়েবসাইটে প্রদর্শিত হচ্ছে। প্রিন্স সব বিভাগীয় প্রধান, শাখা প্রধান এবং আঞ্চলিক কার্যালয় প্রধানের গবেষণার স্বার্থে ভিডিও কনফারেন্সের জন্য স্কাইপি একাউন্ট প্রদান করে প্রয়োজনানুযায়ী ভিডিও কনফারেন্স হচ্ছে। নার্সভুক্ত প্রতিষ্ঠানগুলোর মধ্যে প্রিন্স সর্বপ্রথম ই-টোল প্রক্রিয়া শুরু করেছে। প্রিন্স নার্সভুক্ত প্রতিষ্ঠানগুলোর মধ্যে সর্বপ্রথম ই-ফাইলিং প্রক্রিয়া শুরু করেছে এবং প্রক্রিয়াটি চর্চমান। হেরিটেজ নামে প্রিন্স নিজস্ব ওয়েবপোর্টালে একটি ডিজিটাল আর্কাইভ রয়েছে যেখানে সব অবসরপ্রাপ্ত বিজ্ঞানী, কর্মকর্তা কর্মচারীর ছবিসহ সংশ্লিষ্ট জীবনবৃত্তান্ত সংযুক্ত। সামগ্রিকভাবে এবারের মেলায় অংশগ্রহণকারী প্রায় সব মন্ত্রণালয় ও দফতর-অধিদফতরের মধ্যে এককভাবে প্রিন্স এ পুরস্কার পেয়েছে।

পৃ: ৩

সোমবার ২৪ অক্টোবর ২০১৬

৯ কার্তিক ১৪২৩

২২ মহরম ১৪৩৮

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট পেল ডিজিটাল ওয়ার্ল্ড পুরস্কার

গাজীপুর প্রতিনিধি

আইসিটি কর্মকাণ্ডের মাধ্যমে উত্তাবনী সেবা প্রদানে উৎকর্ষের স্বীকৃতিস্বরূপ জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পুরস্কার ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬ পেয়েছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)। তিন দিনব্যাপী ডিজিটাল মেলার সমাপনী দিনে রাজধানীর বসুন্ধরা কনভেনশন সেন্টারে এক অনুষ্ঠানে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত ব্রির মহাপরিচালক ড. ভাগ্য রানী বণিকের হাতে এ পুরস্কার তুলে দেন শুক্রবার। এ সময় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক উপস্থিত ছিলেন।

সামগ্রিকভাবে এবারের মেলায় অংশগ্রহণকারী প্রায় সব মন্ত্রণালয় ও দফতর-অধিদফতরের মধ্যে এককভাবে ব্রি এ পুরস্কার পেয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের প্রকাশনা ও জনসংযোগ বিভাগের প্রধান-প্রযুক্তি সম্পাদক এমএ কাসেম। তিনি বলেন, আইসিটি ও ই-কৃষি বিস্তারে ব্রির উল্লেখযোগ্য কার্যক্রম, সাফল্য ও উদ্যোগের মধ্যে রয়েছে রাইস-নেলেজ ব্যাংক মোবাইল অ্যাপস, স্বতন্ত্র ওয়েবসাইট, বিজ্ঞানী ও কর্মকর্তাদের জন্য লোকাল এরিয়া নেটওয়ার্ক (ল্যান) স্থাপন, ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট বিতরণ, নিজস্ব ওয়েবমেইল, গ্রুপ মেইল, 'ব্রি নেটওয়ার্কস' নামে নিজস্ব ফেসবুক, পার্সোনাল ডাটাবেজ, ভিডিও কনফারেন্সের জন্য স্কাইপি অ্যাকাউন্ট, ই-টেভার, ই-ফাইলিং, নিজস্ব ওয়েবপোর্টালে ডিজিটাল আর্কাইভের কার্যক্রম।